

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৫৩.১৮. ২০৮২

তারিখঃ ৩০ আগষ্ট, ২০১৮ খ্রিস্টাব্দ
১৫ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ

প্রাপকঃ (১) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

(২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় বিভাগীয় কমিশনারদের অনুকূলে নন সোলার খাতে ১ম কিস্তির নগদ অর্থ বরাদ্দ প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৮(অংশ-১).৩১, তারিখঃ ২৭/০৮/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও উল্লিখিত সূত্রের মঞ্জুরী আদেশের পরিপ্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে নন সোলার খাতে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত বিভাগের পার্শ্বে উল্লিখিত পরিমাণ নগদ অর্থ বিভাগীয় কমিশনারদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

৩। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দ্রুত সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারদের অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।


ক্রমিক নং	বিভাগের নাম	১ম ও ২য় কিস্তির সম্ভাব্য বরাদ্দের পরিমাণ
১।	ঢাকা (জেলা ১৩ টি)	৫৯,৯৯,৮০৪.৬৮ টাকা
২।	চট্টগ্রাম (জেলা ১১ টি)	৫০,৭৬,৭৫৭.৭৩ টাকা
৩।	রাজশাহী (জেলা ০৮ টি)	৩৬,৯২,১৮৭.৪৪ টাকা
৪।	খুলনা (জেলা ১০ টি)	৪৬,১৫,২৩৪.৩০ টাকা
৫।	বরিশাল (জেলা ০৬ টি)	২৭,৬৯,১৪০.৫৮ টাকা
৬।	সিলেট (জেলা ০৪ টি)	১৮,৪৬,০৯৩.৭২ টাকা
৭।	রংপুর (জেলা ০৮ টি)	৩৬,৯২,১৮৭.৪৪ টাকা
৮।	ময়মনসিংহ (জেলা ০৪ টি)	১৮,৪৬,০৯৩.৭২ টাকা
	মোট=	২,৯৫,৩৭,৫০০/- টাকা

শর্তাবলীঃ-

- (১) ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণপূর্বক জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে।
- (২) ১ম কিস্তির প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সময়সীমা আগামী ৩১/১২/২০১৮ খ্রিঃ।
- (৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- (৪) এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
- (৫) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/আইনবিধির আওতায় আনতে হবে।

(অঃ পৃঃ দ্রঃ)

- (৬) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- (৭) প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে।



(মোঃ গুশান আলী রাজা বাঙালী)
(উপসচিব)

উপ পরিচালক (কাবিখা-২)

☎ ৫৮৮১৫৫৬০

Email: ddmreport@gmail.com

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৫৩.১৮. ২১৮২


তারিখ: ৩০ আগষ্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। পরিচালক (মুওপ), অত্র অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, -----
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, অত্র অধিদপ্তর, ঢাকা। [পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মোঃ গুশান আলী রাজা বাঙালী)
(উপসচিব)

উপ পরিচালক (কাবিখা-২)

☎ ৫৮৮১৫৫৬০

Email: ddmreport@gmail.com